

B.A. 5th Semester (Honours) Examination, 2021 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course – CC-12

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় - তিন ঘণ্টা

পূর্ণমান -৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও ।

৬X৫=৩০

- ক) উদাহরণ সহযোগে রসধ্বনি ও অলংকারধ্বনির পার্থক্য লেখো।
- খ) রসসৃষ্টি প্রক্রিয়ায় অনুভাবের ভূমিকা আলোচনা করো।
- গ) ধ্বনির মধ্যে রসধ্বনি শ্রেষ্ঠ কেন ব্যাখ্যা করো?
- ঘ) অলঙ্কারশাস্ত্রে রীতিবাদের বক্তব্যটি আলোচনা করো।
- ঙ) 'ব্রত হচ্ছে মানুষের সাধারণ সম্পত্তি'—প্রাসঙ্গিক প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও।
- চ) 'সুশিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা চাই'—লোকহিত প্রসঙ্গে লেখকের এই কথাগুলির মূলভাব ব্যাখ্যা করো।
- ছ) 'এ অবস্থায় কোন মুখে বলিব যে হিন্দুর সহিত মুসলমানের বিবাদ?'—লেখকের বক্তব্য অনুসরণে হিন্দু-মুসলমানের সহযোগের চিত্রটি নিজের ভাষায় লেখো।
- জ) 'এখন আমরা দাস্তিক কিন্তু গর্বিত নই,নির্জীব কিন্তু উদাসীন নই,লুদ্ধ কিন্তু লিপ্ত নই'—লেখকের এমন মনোভাবের কারণ ব্যাখ্যা করো।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ।

৩X১০=৩০

- ক) 'রস' বলতে কী বোঝায়, 'কাব্যজিজ্ঞাসা' গ্রন্থটি অবলম্বন করে তা নিজের ভাষায় আলোচনা করো।
- খ) কাব্যের আত্ম বিচারে অলংকারবাদীদের বক্তব্যটি সহজ ভাষায় ব্যাখ্যা করো এবং এর সীমাবদ্ধতা বিশ্লেষণ করো।
- গ) 'কাজ যতক্ষণ, ততক্ষণ একটা অস্তিত্বহীনতা; যে মুহূর্তে তা শেষ হল সে মুহূর্তে নিজের জীবন'—এই বিপরীত অবস্থানকে প্রাবন্ধিক কীভাবে প্রাত্যহিক জীবনে এক মাত্রায় সম্মিলিত করলেন তা লেখো।
- ঘ) 'পারিবারিক নারীসমস্যা' প্রবন্ধে নারীদের কোন কোন সমস্যার প্রতি আলোকপাত করা হয়েছে এবং সেইসব সমস্যার সমাধানে লেখক কী কী উপায়ের কথা বলেছেন তা নিজের ভাষায় লেখো।
- ঙ) 'আমাদের ভাষাসংকট' প্রবন্ধে বাংলা ভাষার কোন সংকটের প্রসঙ্গ আলোচিত হয়েছে এবং এই সংকটে কোনো উদ্বেগের কারণ আছে কি না তা প্রাবন্ধিক-কে অনুসরণ করে লেখো।